তারিখ ১১।৭।৮১
পৃষ্ঠা ... কলাম ...

# ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয়ের নাম পরিবর্তনের প্রতিবাদ

ময়মনসিংহ ৪ঠা জুলাই (নিজস্ব সংবাদদাতা) ।—সম্প্রতি ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয়ের ২নং গ্যালারীতে ময়মনসিংহ জেলার অধ্যায়নরত ছাত্রছাত্রীদের এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন ময়মনসিংহ অনাবাসিক ছাত্র কল্যাণ সমিতির আহ্বায়ক জনাব মোহাম্মদ মোস্তফা কামাল। বিগত ২০-৬-৮১ তারিখে ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয়ের ছাত্র সংসদের শোক সভায় প্রস্তাবকৃত ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয়ের নাম পরিবর্তন করে জিয়াউর রহমান চিকিৎসা বিদ্যালয় রাখার সিদ্ধান্তের তীব্র নিন্দা ও তীব্র প্রতিবাদ জানানো হয়।

প্রতিবাদ সভাশেষে চিকিৎসা মহাবিদ্যালয়ের অধ্যক্ষের কাছে একটি স্মারকলিপি পেশ করা হয়। যে কোন মূল্যে ছাত্র সংসদের প্রস্তাব বানচাল করার জন্য

শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ

## নাম পরিবর্তনের প্রতিবাদ

(১ম পাতার পর)

চিকিৎসা মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা মিলিত হয়ে সর্বদলীয়ভাবে একটি ছাত্র সংগ্রাম পরিষদ গঠন করে। সভায় ময়মনসিংহ চিকিৎসা মহাবিদ্যালয় ছাত্রসংগ্রাম পরিষদের জনাব মোস্তফা কামালকে আহবায়ক করে ১১ সদস্যবিশিষ্ট একটি শক্তিশালী কমিটি গঠন করা হয়েছে।